

ঢাকা: বেসরকারি ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ষষ্ঠ সমাবর্তনে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির দুই হাজার ৩৫২ জন শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়েছে। এর মধ্যে সেরা ফলাফল অর্জনকারী চারজন শিক্ষার্থী পেয়েছেন গোল্ড মেডেল।

">



সংবাদ বিনোদন সারাক্ষণ

(<https://www.banglanews24.com>)

ইউআইইউ'র ষষ্ঠ সমাবর্তনে ২৩৫২ শিক্ষার্থীর ডিগ্রি অর্জন

স্টাফ করেসপন্ডেন্ট | বাংলাদেশটোয়েন্টিফোর.কম | আপডেট: ২০২০-০২-০৬ ৬:৩২:২৯ পিএম



সমাবর্তন অনুষ্ঠানে অতিথিরা। ছবি: জিএম মুজিবুর/বাংলানিউজ

ঢাকা: বেসরকারি ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ষষ্ঠ সমাবর্তনে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির দুই হাজার ৩৫২ জন শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়েছে। এর মধ্যে সেরা ফলাফল অর্জনকারী চারজন শিক্ষার্থী পেয়েছেন গোল্ড মেডেল।

বৃহস্পতিবার (০৬ ফেব্রুয়ারি) রাজধানীর বাড্ডায় ইউআইইউ-এর নিজস্ব ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষে শিক্ষার্থীদের হাতে সনদপত্র তুলে দেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা এবং ভাইস চ্যান্সেলর (ভিসি) অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান বক্তব্য দেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, বেশ ধারাবাহিক সফলতার সঙ্গে কাজ করে যাচ্ছে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে তাদের সফলতা তাই প্রমাণ করে। গবেষণা খাতেও ভালো অর্থ বরাদ্দ রয়েছে তাদের।

‘আমাদের জনগণকে জনসম্পদে রূপান্তরিত করে দেশকে এগিয়ে নিতে হবে। আমরা শেখ হাসিনার নেতৃত্বে ক্ষুধামুক্ত বাংলাদেশ গড়ে তুলছি। এখন দারিদ্র্যকে জয় করতে হবে। এরজন্য দরকার শিক্ষা। দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানকে আমরা আন্তর্জাতিকমানে উন্নীত করতে কাজ করে যাচ্ছি।’

সমাবর্তন বক্তা ড. গওহর রিজভী বলেন, প্রতিদিন খবরের কাগজে দেখতে হয় যে, পেশাগত দক্ষতাসম্পন্ন গ্র্যাজুয়েট বিশ্ববিদ্যালয় দিতে পারছে না। এর কারণ হচ্ছে সবাই বিশ্ববিদ্যালয়ের কাছে কিছু চায় এবং প্রত্যেকের চাওয়া ভিন্ন। কিন্তু সবাইকে চাকরির জন্য সবাইকে প্রশিক্ষণ দেওয়া বিশ্ববিদ্যালয়ের কাজ না। বিশ্ববিদ্যালয় সেভাবে ডিজাইন করা না। বিশ্ববিদ্যালয়ের দুইটি প্রধান কাজের একটি হচ্ছে শিক্ষার্থীদের মনকে প্রশিক্ষণ দেওয়া।

‘যেকোনো পরিস্থিতি এবং কাজের জন্য শিক্ষার্থীদের মনকে প্রস্তুত করে দেবে বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের আরেকটা জিনিস শেখাবে তা হলো বিশ্লেষণী ক্ষমতা। যদি শিক্ষার্থীরা এটা অর্জন করতে পারে তাহলে সে সবকিছুই শিখতে পারবে।’

শিক্ষার্থীদের পাঠদানের জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষকদের গবেষণার প্রতিও জোর দেন ড. রিজভী। তিনি বলেন, দিন দিন নতুন নতুন জ্ঞান আসছে। সেই সঙ্গে আজকের জ্ঞান আগামীকাল পুরনো হয়ে যাচ্ছে। শিক্ষার্থীরা যেন নতুন নতুন জিনিস শিখতে পারে তার জন্য শিক্ষকদের গবেষণা করতে হবে।

অনুষ্ঠানে ইউআইইউ-এর ভিসি অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান বলেন, উচ্চশিক্ষাকে সাধারণ শিক্ষার্থীদের কাছে সহজ করতে আমরা কাজ করছি। এখানে ২০ শতাংশ শিক্ষার্থীর জন্য বৃত্তি থাকে, যা দেশে প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সর্বোচ্চ।

সমাবর্তন পাওয়া চার শিক্ষার্থী হলেন- বিবিএ ফ্যাকাল্টির মেহের নিগার তাসনিম মাইমুনা, এমবিএ-এর সাবিহা হোসেন, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের স্নাতক পর্যায়ে নাজমুস সাইফ এবং স্নাতকোত্তর পর্যায়ে ইশতিয়াক আলম।

বাংলাদেশ সময়: ১৮২৭ ঘণ্টা, ফেব্রুয়ারি ০৬, ২০২০

এসএইচএস/এমএ

Phone: +88 02 8432181, 8432182, IP Phone: +880 9612123131, Newsroom Mobile: +880 1729
076996, 01729 076999 Fax: +88 02 8432346

Email: news@banglanews24.com (mailto:news@banglanews24.com) , editor@banglanews24.com
(mailto:editor@banglanews24.com)

Marketing Department: 01722 241066 , E-mail: marketing@banglanews24.com
(mailto:marketing@banglanews24.com)

বাংলানিউজটোয়েন্টিফোর.কম (https://www.banglanews24.com)

কপিরাইট © 2020-02-06 02:09:58 | একটি ইউনিউএমজিএল প্রতিষ্ঠান